

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ


নং-২০.০০.০০০০.৩০৯.০২.১২.১৩-১৬৪

তারিখঃ ২২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ
ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ গবেষণা ক্ষেত্র নির্ধারণ এবং তথ্য গ্যাপ সম্পর্কিত তথ্যাদি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের নূতন গবেষণা গ্রহণের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়ার পূর্বে গবেষণা ক্ষেত্র এবং তথ্য গ্যাপ সংক্রান্ত বিষয়ে তথ্যাদি প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে নির্ধারিত ছক মোতাবেক গবেষণা ক্ষেত্র নির্ধারণ এবং তথ্য গ্যাপ সম্পর্কিত বিষয়ে তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: চাহিদা যাচাই, সমীক্ষা-২০১৮ এর ছক।


(মোঃ খাইরুল রহমান খান)
উপসচিব

টেলিফোন: ৯১৮০৫৯৮

ই-মেইল: ssrc.planningdivision@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক (সকল)।
- ০৩। মহাপরিচালক/পরিচালক,, রিসার্চ সেন্টার ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৪। মহাপরিচালক/পরিচালক, এনজিও ও আইএনজিও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব-৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (উপসচিব), সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ ঢাকা।, শেরেবাংলা নগর, পরিকল্পনা বিভাগ,
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০৫। অফিস কপি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং: ২২২ তারিখ: ২২/০২/১৮
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

পরিকল্পনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

চাহিদা যাচাই সমীক্ষা-২০১৮

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রণীত প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার (১৯৭৩-৭৮) রূপরেখা অনুযায়ী পরিকল্পনা বিভাগের সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল (এসএসআরসি) প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য সামাজিকবিজ্ঞানে গবেষণার উন্নয়ন ও সমন্বয়সাধন, বাংলাদেশ সরকারের সামাজিক নীতি ও পরিকল্পনা প্রণয়নের জন্য গবেষণালব্ধ ফলাফল সরবরাহ এবং দক্ষ গবেষক তৈরিতে সহায়তা করা। উক্ত লক্ষ্য পূরণে প্রতিষ্ঠানটি আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানকে আর্থিক মঞ্জুরি প্রদান করে আসছে। বিশ্বের বহুদেশে এসএসআরসির মত এ প্রতিষ্ঠানটি রয়েছে এবং আর্থ-মনো-সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রের গবেষণায় ভূমিকা রাখছে। এ প্রতিষ্ঠানটি অস্ট্রেলিয়ায় অবস্থিত কেন্দ্রীয় প্রতিষ্ঠান Association of Asian Social Science Research Council (AASSREC) এর সদস্য। প্রতিষ্ঠানটির আর্থিক মঞ্জুরিতে গবেষণা কার্যক্রম শুরু হতে ২০১৭ সাল পর্যন্ত ৬০৩টি গবেষণা সমাপ্ত হয়েছে। এই প্রতিষ্ঠানের গবেষণা এবং প্রশিক্ষণ কার্যক্রম সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ অনুযায়ী পরিচালিত হচ্ছে।

প্রতি বছরের ন্যায় এ বছরও প্রতিষ্ঠানটি গবেষণা কার্যক্রম পরিচালনায় গবেষণা প্রস্তাবনা আহবানে ক্ষেত্রভিত্তিক গবেষণা চাহিদা নির্ধারণ করে জাতীয় দৈনিক পত্রিকা এবং ওয়েব সাইটে বিজ্ঞাপন প্রচার করবে। এ লক্ষ্যে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, বিনোদন, ধর্ম, ইতিহাস, সংস্কৃতি, পরিবেশ, প্রতিরক্ষাসহ আর্থ-সামাজিক সকল ক্ষেত্রের গবেষণা গ্যাপ নির্ধারণ প্রয়োজন। যা এসডিজি তথ্য গ্যাপ পূরণসহ জাতীয় উন্নয়ন সংশ্লিষ্ট নীতি ও পরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় গবেষণা প্রস্তাবনা আহবান এবং গবেষণা পরিচালনায় তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে। সুতরাং কোন ক্ষেত্রে কী গবেষণার প্রয়োজন তা সুস্পষ্টভাবে নিম্নের ছকে উপস্থাপন করে চাহিদা যাচাই সমীক্ষা কার্যক্রম বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানের সহযোগিতা কামনা করছি। ছকটি পূরণপূর্বক ১০ (দশ) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

(স্বাক্ষর: খালিলুর রহমান খান)

উপসচিব

টেলিফোন: ৯১৮০৫৯৮

ই-মেইল: ssrc.planningdivision@yahoo.com

১. মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২. মূল কার্যক্রমসমূহ :
৩. গবেষণা ক্ষেত্র নির্ধারণ এবং তথ্যগ্যাপ সম্পর্কিত তথ্য:

ক্রমিক নম্বর	গবেষণা ক্ষেত্র উল্লেখ করে কী গবেষণা প্রয়োজন তা উল্লেখ করুন	উন্নয়নের স্বার্থে কী ধরনের তথ্য গ্যাপ রয়েছে তা উল্লেখ করুন

স্বাক্ষর ও সিল